

পরিচালনা করছেন। অপরদিকে জলপ্রাবনে সিপাহীজলা জেলার বিশালগড় ব্লকের রাধানগর পঞ্চায়েতে ৩০টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। হারেরখোলা অঙ্গনোয়াড়ি কেন্দ্রে এই ৩০টি পরিবার আশ্রয় নিয়েছে। জম্মুইজলার ক্ষতিগ্রস্ত ৮টি পরিবার জম্মুইজলা কমিউনিটি হলে আশ্রয় নিয়েছে। খোয়াই জেলার ১৭টি পঞ্চায়েতের ৩০০টি ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য ৩টি ত্রাণ শিবির খোলা হয়েছে। রাজস্ব দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, রাজ্যের সবগুলো নদী এখন বিপদসীমার নিচে বইছে। দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে অগরতলা শহরে ভোর সাড়ে পাঁচটা থেকে দুপুর বারোটা পর্যন্ত ১৪৬.৬ মিলিমিটার বৃষ্টি হয়েছে। রাজ্য এবং জেলাস্তরের আপৎকালীন যোগাযোগকেন্দ্রগুলি ২৪ ঘন্টা কাজ করে চলেছে। রাজ্য এবং জেলাস্তরের যোগাযোগকেন্দ্রের টোল ফ্রি নাম্বার যথাক্রমে ১০৭০ এবং ১০৭৭।
